

মুত্ত্বালিব ও আব্দুল মুত্ত্বালিব (المطلب و عبد المطلب)

ইয়ামনের 'বিরাদমান' (بِرْدْمَان) এলাকায় চাচা

গোত্রনেতা মুত্ত্বালিব পরলোক গমন করলে ভাতিজা

আব্দুল মুত্ত্বালিব তাঁর স্থলাভিষিক্ত হন (ইবনু হিশাম

১/১৩৮, ১৪২)। কালক্রমে আব্দুল মুত্ত্বালিব নিজ

সম্প্রদায়ের মধ্যে এত উঁচু মর্যাদা লাভ করেন যে,

তাঁর পিতা বা পিতামহ কেউই উক্ত মর্যাদায়

পৌঁছতে পারেননি। সম্প্রদায়ের লোকেরা সবাই

তাঁকে আন্তরিকভাবে ভালোবাসত ও সমীহ করে

চলত' (ইবনু হিশাম ১/১৪২)।

আব্দুল মুত্ত্বালিবের উচ্চ মর্যাদা লাভের অন্যতম

কারণ ছিল আল্লাহর পক্ষ হ'তে স্বপ্নযোগে তাঁকে

‘যমযম’ কুয়া খননের দায়িত্ব প্রদান করা এবং তাঁর নেতৃত্বকালে আল্লাহর বিশেষ রহমতে ইয়ামনের খ্রিষ্টান গবর্ণর ‘আবরাহা’ কর্তৃক কা’বা আক্রমণ ব্যর্থ হওয়া। এই মর্যাদা তাঁর বংশের পরবর্তী নেতা আবু ত্বালিব-এর যুগেও অব্যাহত ছিল। যা রাসূল (ছাঃ)-এর আগমনে আরও বৃদ্ধিপ্রাপ্ত হয়ে বিশ্ব মর্যাদায় উন্নীত হয়।